দৈনিক
ইত্তেফাক

তারিখ 13 JAN 2017
পৃষ্ঠা 6 কলাম 2

# গৌরবের ৪৭ বছরে জাবি

## দিনব্যাপী ব্যাপক আয়োজন আজ

■ নিলয় মামুন, জাবি সংবাদদাতা

গৌরবের ৪৬ বছর পার করে ৪৭ বছরে পদার্পণ করেছে দেশের একমাত্র আবাসিক ক্যাম্পাস জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়। এ উপলক্ষে গতকাল বৃহস্পতিবার আড়ম্বরপূর্ণ বিভিন্ন অনুষ্ঠানের মাধ্যমে পালিত হয়েছে ৪৬তম বিশ্ববিদ্যালয় দিবস। সকাল সাড়ে ১০টায় বিশ্ববিদ্যালয়ের বিজনেস স্ট্যাডিজ অনুষদের সামনে জাতীয় পতাকা ও বিশ্ববিদ্যালয় পতাকা উত্তোলন এবং বেলুন উড়িয়ে বিশ্ববিদ্যালয় দিবসের উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ফারজানা ইসলাম।

উদ্বোধন শেষে বিজনেস স্ট্যাডিজ অনুষদের সামনে থেকে শোভাযাত্রা শুরু হয়ে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থান প্রদক্ষিণ করে মুক্তমঞ্চে এসে শেষ হয়।

শোভাযাত্রায় বিশ্ববিদ্যালয়ের প্রো-ভিসি অধ্যাপক মো. আবুল হোসেন, কোষাধ্যক্ষ অধ্যাপক আবুল খায়ের, রেজিস্ট্রার আবু বক্কর সিদ্দিক, বিভিন্ন অনুষদের ডিন, বিভিন্ন হলের প্রাধ্যক্ষ, বিভাগীয় সভাপতি, বিশ্ববিদ্যালয় প্রক্টরিয়াল বডির সদস্য, শিক্ষক সমিতি, অফিসার সমিতি, কর্মকর্তা-কর্মচারী সমিতি, বিভিন্ন বিভাগের শিক্ষার্থী, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় স্কুল ও কলেজের শিক্ষক-শিক্ষার্থীরা অংশগ্রহণ করেন।

পরে বিশ্ববিদ্যালয় টারজান পয়েন্টের পাশে আবদুল কাদির মোল্লা কনভেনশন সেন্টারের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন ভিসি অধ্যাপক ফারজানা ইসলাম। এ সময় বামপন্থি শিক্ষার্থীরা এ ভিত্তিপ্রস্তর স্থাপনের বিরোধিতা করে বিক্ষোভ প্রদর্শন করেন। এ ছাড়া একই দিনে আইবিএ-জেইউ'রও ভিত্তিপ্রস্তর স্থাপন করা হয়।

এ ছাড়া বিশ্ববিদ্যালয় দিবস উপলক্ষে দিনব্যাপী কর্মসূচির মধ্যে ছিল, বিশ্ববিদ্যালয় জহির রায়হান মিলনায়তনে সিনেমা প্রদর্শনী, নাটক ও নাট্যতত্ত্ব বিভাগের আয়োজনে সেলিম আলদীন মুক্তমঞ্চে পুতুল নাচ এবং সন্ধ্যায় বিশ্ববিদ্যালয় ছাত্র-শিক্ষক কেন্দ্রে ফানুস উড়ানো। আজ শুক্রবার রয়েছে অ্যালামনাই ডে মিলনমেলার দিনব্যাপী অনুষ্ঠান। এ উপলক্ষে সকাল সাড়ে ৯টায় বিজনেস স্টাডিজ অনুষদ চত্বর থেকে আনন্দ শোভাযাত্রা শুরু হবে। দিনব্যাপী অন্যান্য অনুষ্ঠান ছাড়াও সন্ধায় রয়েছে সাংস্কৃতিক অনুষ্ঠান।

উল্লেখ্য, ১৯৭১ সালে মোট চারটি বিভাগ নিয়ে শুরু হওয়া এ বিশ্ববিদ্যালয়ে বর্তমানে ৬টি অনুষদ ও দুটি ইনস্টিটিউশনের অধীনে ৩৬টি বিভাগে প্রায় ১২ হাজার শিক্ষার্থী পড়াশুনা করছেন।